



নং-৩৭.০৪.২৬৬৩.২০০.৩১.০২৭.১৫/১৫৪৫ (৬২)

তারিখ: ২০/০৬/১৪২৫ বঙ্গাব্দ  
০৪/০৭/২০১৮ খ্রিষ্টাব্দ

বিষয়: শিক্ষা মন্ত্রণালয়ের অধীন কর্মকর্তাগণের জন্য ৩২তম কমিউনিকেশন ইংলিশ কোর্সে প্রশিক্ষার্থী মনোনয়ন

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, আগামী ১০ শ্রাবণ থেকে ৩০ শ্রাবণ ১৪২৫ বঙ্গাব্দ/২৫-০৭-২০১৮ থেকে ১৪-০৮-২০১৮ খ্রি. তারিখ পর্যন্ত মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়-এর অধীন অধিদপ্তর, দপ্তর, শিক্ষা প্রতিষ্ঠানের কর্মকর্তাগণের জন্য ৩২তম কমিউনিকেশন ইংলিশ কোর্সে নায়েমে অনুষ্ঠিত হবে। এ কোর্সে নিম্নবর্ণিত ০২(দুই) ক্যাটাগরির কর্মকর্তা অংশগ্রহণ করবেন;

- (ক) মনোনীত শিক্ষা প্রতিষ্ঠান থেকে ইংরেজি বিষয় ছাড়া অন্য বিষয়ের প্রভাষক/সহকারি অধ্যাপক পদ মর্যাদার ০১ (এক) জন কর্মকর্তা ও  
(খ) শিক্ষা মন্ত্রণালয়ের অধীন মনোনীত অধিদপ্তর/দপ্তর থেকে প্রথম শ্রেণির ০১ (এক) জন কর্মকর্তা।

উপর্যুক্ত ক্যাটাগরির ভিত্তিতে তাঁর প্রতিষ্ঠান থেকে একজন কর্মকর্তাকে প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো। এতৎসঙ্গে নিম্নলিখিত বিষয়াদি প্রতিপালনের জন্য অনুরোধ করা হলো:

- নায়েম হোস্টেলে আসন গুণ্য থাকা সাপেক্ষে আবাসনের ব্যবস্থা করা হবে। হোস্টেলে আবাসন গ্রহণের ক্ষেত্রে কোর্সে শুরুর পূর্বদিন বিকালে নির্ধারিত হোস্টেলের আসন গ্রহণ বাঞ্ছনীয়;
- সরকারি বিধি অনুযায়ী অংশগ্রহণকারীকে ভ্রমণ ও দৈনিক ভাতা নায়েম থেকে প্রদান করা হবে। তবে প্রাথমিক ব্যয় (থাকা, খাওয়া ও শিক্ষা সফরের খরচ) সংকুলানের জন্য আনুমানিক ১০,০০০/- (দশ হাজার টাকা) সঙ্গে আনতে হবে। প্রশিক্ষণ শেষে অংশগ্রহণকারীকে এ অফিসে ভ্রমণ ও দৈনিক ভাতার বিল পেশ করতে হবে। উক্ত বিল শিক্ষা মন্ত্রণালয়ের প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার অফিস হতে অনুমোদনের পর অন লাইন ব্যাংকিং সিস্টেমে প্রশিক্ষার্থীগণের নিজ নিজ ব্যাংক একাউন্টে প্রেরণ করা হবে। সেজন্য সংযুক্ত ছক যথাযথভাবে পূরণ করে আনতে হবে;
- যাঁদের বয়স ৫৭ বছর অতিক্রম করেছে তাঁদের এ প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করার প্রয়োজন নেই;
- যিনি এ প্রতিষ্ঠান হতে পূর্বে এ প্রশিক্ষণ গ্রহণ করেছেন তাঁর এ প্রশিক্ষণে অংশগ্রহণ করার প্রয়োজন নেই;
- যিনি বিগত ০১ (এক) বছর সময়ের মধ্যে নায়েম পরিচালিত কোনো প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করেছেন তিনি এ কোর্সে অংশগ্রহণ করতে পারবেন না;
- মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ এর স্মারক নম্বর মাউশিপ্র/বা-ইউ/৫২৮০ তারিখ ১০-০১-৯৯ এবং ৩৭.০২.০০০০.১১০.১৮.৪১.২০১৬-২৬৫ তারিখ ০৭/০৩/২০১৬ খ্রি. অনুসারে মনোনীত কর্মকর্তাগণের এ কোর্সে অংশগ্রহণ বাধ্যতামূলক। প্রশিক্ষণে মনোনীত কর্মকর্তাগণ প্রশিক্ষণ শুরুর দিন থেকে তাৎক্ষণিক বিমুক্ত (Stand Release) বলে গণ্য হবেন। সুতরাং, গ্রহণযোগ্য কারণ ছাড়া প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করা থেকে বিরত থাকলে তাঁর বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে;
- প্রশিক্ষণ সংক্রান্ত কোনো বিষয় জানার প্রয়োজন হলে কোর্স পরিচালক জনাব মুহা. আব্দুর রাজ্জাক মিঞা, প্রশিক্ষণ বিশেষজ্ঞ (০১৭১১-৯৩৩৫৪৩) ও কোর্স সমন্বয়ক জনাব মো: জাহাঙ্গীর কবীর, সহকারী পরিচালক, প্রশিক্ষণ ও বাস্তবায়ন (০১৬৭৩-২১২৯১৪) ও জনাব শামসুন আক্তার সিদ্দিকী, সহকারী পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন (০১৭২৩-১৮২৩৬২)-এর সাথে যোগাযোগ করা যেতে পারে;
- মনোনীত কর্মকর্তাগণকে কোর্সে অংশগ্রহণের সম্মতি ১৯-০৭-১৮ তারিখের মধ্যে মুঠোফোনে (০১৬৭৩-২১২৯১৪ বা ০১৭২৩-১৮২৩৬২) প্রশিক্ষার্থীর নাম ও প্রতিষ্ঠানের নাম মেসেজ করে পাঠানোর জন্য অনুরোধ করা হলো;
- মনোনীত কর্মকর্তাগণকে ছাড়পত্র, পাসপোর্ট সাইজের দুই কপি রঙিন ছবি ও ১০ টাকা মূল্যমানের রাজস্ব স্ট্যাম্প সঙ্গে আনতে হবে;
- আমন্ত্রণপত্র ও মনোনীত প্রতিষ্ঠানের তালিকা নায়েমের ওয়েবসাইটে (www.naem.gov.bd) পাওয়া যাবে।

০৪.০৭.১৮

(প্রফেসর ড. আ.ফ.ম. শফিকুর রহমান)  
পরিচালক (প্রশিক্ষণ ও বাস্তবায়ন), নায়েম  
e-mail: info@naem.gov.bd

প্রাপক: .....

নং-৩৭.০৪.২৬৬৩.২০০.৩১.০২৭.১৫/১৫৪৫ (৬২) (৩৫)

তারিখ: ২০/০৬/১৪২৫ বঙ্গাব্দ  
০৪/০৭/২০১৮ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, শিক্ষা ভবন, ঢাকা (আমন্ত্রণপত্র ও প্রতিষ্ঠানের তালিকাসহ);
- পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন/প্রশিক্ষণ ও বাস্তবায়ন/গবেষণা ও তথ্যায়ন/প্রশাসন ও অর্থ, নায়েম, ঢাকা;
- অধ্যক্ষ, ..... (মনোনীত প্রশিক্ষার্থীকে ছাড়পত্র প্রদানের অনুরোধসহ);
- প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা;
- হোস্টেল সুপারিনটেনডেন্ট, মুক্তিযোদ্ধা/অমর একুশে/সোনার বাংলা/শহীদ জননী হোস্টেল, নায়েম, ঢাকা;
- প্রোগ্রামার, নায়েম, ঢাকা (আমন্ত্রণপত্র ও মনোনীত প্রতিষ্ঠান/প্রশিক্ষার্থীর তালিকা নায়েমের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
- তথ্যায়ন কর্মকর্তা, নায়েম, ঢাকা;
- অফিস নথি।

০৪.০৭.১৮  
(মুহা. আব্দুর রাজ্জাক মিঞা)  
প্রশিক্ষণ বিশেষজ্ঞ  
ও  
কোর্স পরিচালক  
মোবাইল: ০১৭১১-৯৩৩৫৪৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নামেম)  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
নামেম রোড, ধানমন্ডি, ঢাকা - ১২০৫

Bank Account Information of the Participants of -----

Duration: -----

ক্রমিক	প্রশিক্ষণার্থীর নাম, পদবী, বিষয় ও প্রতিষ্ঠান	হিসাবের নাম	ব্যাংকের নাম ও শাখা	হিসাব নম্বর	রাউটিং নম্বর	বান্ধুর

১। একাধিক ব্যাংক হিসাব থাকলে বেসরকারি ব্যাংক হিসাবের তথ্য অগ্রাধিকারযোগ্য।

\*২। অনেক প্রশিক্ষণার্থী এখনও ওভিজিটের হিসাব নম্বর ব্যবহার করে থাকতে পারেন। তাঁদেরকে সংশ্লিষ্ট ব্যাংক থেকে অন-লাইন হিসাব নম্বর জেনে তথ্য প্রদানের অনুরোধ করা হলো।

কোর্স পরিচালক